


প্রেস রিলিজ

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০২৫

"প্রখ্যাত চিন্তক ও প্রবীণ রাজনীতিবিদ বদরুদ্দিন উমরের মৃত্যুতে বাউবি উপাচার্যের শোক"



বদরুদ্দিন উমর

দেশের প্রখ্যাত চিন্তক, প্রবীণ রাজনীতিবিদ, লেখক ও বুদ্ধিজীবী বদরুদ্দিন উমর গতকাল সকালে শ্যামলীস্থ স্পেশালাইজড হাসপাতালে যাবার পথে ইন্তেকাল করেছেন (ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে বাউবি পরিবার গভীরভাবে শোকাহত।

এক শোক বার্তায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম বলেন, "প্রগতিশীল রাজনীতির অন্যতম পথিকৃত বদরুদ্দিন উমর ছিলেন নির্ভিক কণ্ঠস্বরের এক প্রতীক। ভাষা আন্দোলন থেকে শুরু করে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং পরবর্তীকালে সকল স্বৈরতন্ত্রবিরোধী আন্দোলনে তাঁর সক্রিয় ভূমিকা ছিল অনন্য। গবেষণাধর্মী রচনা ও রাজনৈতিক চিন্তাভাবনার মাধ্যমে তিনি জাতির সংকটকালে জনগণকে প্রেরণা জুগিয়েছেন। অসংখ্য গ্রন্থ রচনা করে তিনি সমাজ, সংস্কৃতি, রাজনীতি ও অর্থনীতির বিভিন্ন দিক বিশ্লেষণ করেছেন। এদেশের পাঠক সমাজ তাঁর অবদানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। রাজরোষে পড়েও নিজের আদর্শ বাস্তবায়নে তিনি ছিলেন আপোষহীন। তাঁর জীবন ছিল স্বাধীনচেতা ও অবিচল সংগ্রামের প্রতিচ্ছবি। তাঁর মৃত্যুতে জাতি একজন বহুমুখী প্রতিভার অধিকারী রাজনৈতিক অভিভাবককে হারালো, যা পূরণ হবার নয়।"

এছাড়াও উপাচার্য মরহুম বদরুদ্দিন উমরের বিদেহী আত্মার মাগফিরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, ভক্ত ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮